

## নিরাপত্তা সুরক্ষা সংক্রান্ত তথ্য পত্রঃ করোনাভাইরাস (কোভিড-১৯) প্রাদুর্ভাবের সময় কমিউনিটি ভলিউনটিয়ারস

যারা অসুস্থ হয়ে পড়েছেন বা করোনাভাইরাসে আক্রান্ত হবার বিশেষ ঝুঁকিতে আছেন এটি সম্ভাব্য যে মানুষ এই ধরনের লোকজনকে সাহায্য করতে চাইবে। এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বয়স্ক ব্যক্তি এবং সুনির্দিষ্ট কিছু সমস্যা থাকা লোকজন যার মধ্যে ডিমেনশিয়ায় আক্রান্ত লোকজনও অন্তর্ভুক্ত। ভাইরাসের সংক্রমণ ঠেকাতে সরকার নির্দেশনা চালু করেছে যার মধ্যে রয়েছে ফেস কভারিং ব্যবহার করা, এবং রুল অফ সিক্স এর বিধিনিষেধ মেনে আমরা লোকজনের সাথে কীভাবে বাইরে এবং বাসায় যোগাযোগ করব সেটি, এবং লোকজন অন্যদেরকে কীভাবে পরিচর্যা প্রদান করবে সেসব বিষয়গুলো অন্তর্ভুক্ত।

কিছু কিছু অরক্ষিত লোকজনদেরকে যেমন যাদের ডিমেনশিয়া আছে বা যারা অন্যান্য অসুখে ভুগছেন তাদেরকে কমিউনিটি ভলিউনটিয়ারদের মাধ্যমে সাহায্য করা যেতে পারে। কমিউনিটিকে সহায়তা প্রদানকারী লোকজনদের থাকা সুনির্দিষ্ট কোন উদ্বেগের সমাধান এই তথ্য পত্রে তুলে ধরা হয়েছে যাতে করে প্রয়োজনীয় এসব লোকজনদেরকে যতটুকু সম্ভব নিরাপত্তা সুরক্ষা প্রদান করা যায়।

**আমি একটি কমিউনিটি গ্রুপ প্রতিষ্ঠা করতে চাই যেখানে ভলিউনটিয়াররা যেসব লোকজন বাসার বাইরে যেতে অক্ষম সেসব লোকজনদেরকে খাবার দিতে বা তাদের প্রেসক্রিপশন সংগ্রহ করে দিতে পারবেন। আমাকে কী ভলিউনটিয়ারদের একটি ডিসক্লোজার এন্ড বারিং সার্ভিস (ডি বি এস) চেক করাতে হবে?**

কারো বিরুদ্ধে একটি ফৌজদারি অপরাধের সংঘটনের রেকর্ড আছে কিনা সেটি ডি বি এসের মাধ্যমে যাচাই করা যায়, আর কারো এই রেকর্ড থাকলে তিনি অরক্ষিত লোকজনের সাথে কাজ করার অনুপযুক্ত হবেন। না, ভলিউনটিয়ারদের উপর একটি ডি বি এস চেক করার কোন আইনি বাধ্যবাধকতা নেই। কিছু কিছু প্রতিষ্ঠানের (যেমন ন্যাশনাল চ্যারাটি) হয়ত এই নীতিমালাটি চালু রয়েছে এবং ডি বি এস প্রযোজ্য এসব চেকগুলো যত সম্ভব দ্রুত সম্পন্ন করার জন্য কাজ করছে।

স্থানীয় সংগঠন যারা স্থানীয় কমিউনিটির লোকজনের সহায়তার জন্য একটি ভলিউনটিয়ার গ্রুপ স্থাপনের পরিকল্পনা করছেন তারা যেসব বিষয়গুলো মাথায় রাখবেনঃ

- সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়টি হল একজন ভলিউন্টিয়ার সংগঠক হিসাবে আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার গ্রুপটি যেন নিরাপত্তা সুরক্ষার বিষয়গুলো মেনে চলে। সাধারণ পূর্ব সতর্কতা মেনে চলা যেমন টাকা খরচের একটি রেকর্ড রাখা এবং শপিং এর খরচের রশিদ রাখলে সেটি অরক্ষিত লোকজনের সহায়তার ক্ষেত্রে আপনার জন্য সাহায্যের হবে।
- দুজনে একত্রে কাজ করলে আপনি সব সময় দুই মিটার দূরত্ব বজায় রাখবেন।
- প্রাথমিক প্রয়োজন মেটানোর জন্য যেসব জিনিষপত্র দরকার আপনি সেগুলোর জন্য যত কম বার সম্ভব কেনাকাটা করতে যাবেন যেমন খাবার ও ঔষধ। সম্ভব হলে আরেকটি বাসার ভেতরে প্রবেশ না করে এসব কেনাকাটা দরজার সামনে রেখে যাবেন।

নিরাপত্তা সুরক্ষা সংক্রান্ত অভ্যাস ও ডি বি এস চেকের ব্যাপারে আরও তথ্য সরকারী ওয়েবসাইটের বার বার জিজ্ঞাসিত প্রশ্নগুলোর অধ্যায়ে পাওয়া যাবে।

**একজন ভলিউন্টিয়ার হিসেবে আমার রাস্তায় বসবাসকারী যারা বাসার বাইরে যেতে পারেন না আমি তাদের কেনাকাটা ও তাদের কুকুরটিকে হাঁটাতে সাহায্য করতে চাই। এজন্য আমার কী একটি ডি বি এস চেকের দরকার হবে?**

না, আপনার একটি ডি বি এস চেক করানোর কোন আইনি বাধ্যবাধকতা নেই।

তবে ভলিউন্টিয়ারদের উচিত হবে তারা যেটি করবেন সেটি স্পষ্ট করা এবং তারা যে কমিউনিটির সেবা করবেন সেখানটিতে তাদের আস্থা অর্জন করা। সহজ, বাস্তবিক কিছু পূর্বসতর্কতা যেমন যৌথভাবে নিরাপদে কাজ করা, টাকা পয়সা খরচের হিসাব রাখা এবং কেনাকাটার রশিদ প্রদানের মধ্যে দিয়ে এটি অর্জন করা সহজ হবে।

তারা যদি একই বাসা বাড়ির লোক না হন তাহলে সব সময় দুই মিটার দূরত্ব বজায় রাখবেন।

দয়া করে মনে রাখবেন জনসম্মুখে ছয় জনের বেশী লোক জড়ো হওয়া নিষিদ্ধ, এবং এটি ভঙ্গ করলে পুলিশ তাদের বিরুদ্ধে ব্যবস্থা নিচ্ছে। তবে, সর্বোচ্চ ১৫ জনের একটি সাপোর্ট গ্রুপ যারা দীর্ঘ দিন অসুস্থ থাকা যেমন ডিমেনশিয়া থাকা লোকজনদেরকে সাহায্য করছেন তারা এই বিধি নিষেধের বাইরে এবং তারা একত্রিত হতে পারবেন।

**ভলিউন্টিয়ার হিসাবে কাজ করতে পারবেন না কারো উপর কী এমন বাধা নিষেধ রয়েছে?**

যেসব লোকজনকে ডি বি এস কর্তৃক নিষিদ্ধ করা হয়েছে যে তারা অরক্ষিত লোকজনের সাথে ভলিউন্টিয়ার হিসাবে কাজ করতে পারবেন না শুধুমাত্র তারাই আইনগতভাবে হিসাবে কাজ করতে পারবেন না। সুনির্দিষ্ট কিছু ধরনের কাজের জন্য আপনার উপর কোন বাধা নিষেধ আরোপ থাকে তাহলে সেটি করতে চাইলে আপনি একটি অপরাধ করবেন।

একজন ভলিউন্টিয়ারের উপর এধরনের কোন নিষেধাজ্ঞা আছে কিনা সেটে কমিউনিটি গ্রুপগুলো তাদের কাছে জানতে চাইবে। তাদের উপর যদি নিষেধাজ্ঞা থাকে তাহলে আপনি তাদেরকে বাচ্চা ও অরক্ষিত প্রাপ্তবয়স্কদের সাথে কাজ করতে দিবেন না। আরও তথ্যের জন্য ডি বি এসের এইন নির্দেশনাটি দেখুন।

এই তথ্যাবলী সরকারী পরামর্শ অনুযায়ী

<https://www.gov.uk/government/publications/safeguarding-factsheet-community-volunteers-during-covid-19-outbreak>

করোনাভাইরাস সংক্রান্ত সরকারের নির্দেশনা ২২শে সেপ্টেম্বরে হালনাগাদ করা হয়েছে

<https://www.gov.uk/government/news/coronavirus-covid-19-what-has-changed-22-september>